# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

**আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।**

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২১তম (২০২০-২১ অর্থ বছরের ৪র্থ) সভার কার্যবিবরণী।**

০২ মার্চ ২০২১ তারিখ মঙ্গলবার ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি (পক্ষে)। |
| ৩ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোঃ শহিদুল ইসলাম তালুকদার | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি (পক্ষে)। |
| ৫ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব শেখর ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ জাকির হোসেন | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি (পক্ষে)। |
| ৮ | ডঃ মোঃ মহিউদ্দিন | অতিঃ প্রধান রসায়নবিদ এবং মহাব্যবস্থাপক, আরপিডি (দায়িত্বপ্রাপ্ত) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের ৩য় সভার কার্যবিবরণী উপস্থাপন করলে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে তিনি ২০২০-২১ অর্থ বছরের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

৪.০. আলোচনা:

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি ২০২০-২১ অর্থ বছরের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| সিদ্ধান্ত ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/ওয়ার্কসপ/সেমিনার ইত্যাদি ইনোভেশন কমিটি কর্তৃক আয়োজনের করে পরিসংখ্যানিক কার্যক্রমের স্বার্থে তথ্যসমূহ কর্মচারী প্রধান এর মাধ্যমে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ-কে পৃথকভাবে অবহিত করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | আয়োজিত প্রশিক্ষণ/ওয়ার্কসপ/সেমিনার এর তথ্য কর্মচারী প্রধান এর মাধ্যমে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ-কে পৃথকভাবে অবহিত করা হয়েছে। অবহিতকরণের ধারা অব্যহত থাকবে। |
| ৫.২ | বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী দুই দিনের প্রশিক্ষণ ফেব্রুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ই-জিপি এর উপর একসাথে চারদিনের প্রশিক্ষণ অনুষ্ঠান করার পরিকল্পনা রয়েছে। |
| ৫.৩ | "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ" কার্যক্রম অব্যহত রাখতে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের প্রণীত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে বিসিআইসি প্রধান কার্যালয়-এর ইনোভেশন কমিটি এর সদস্য/ইনোভেশন কমিটির মনোনীত সদস্যগণ-কে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাস্তবায়ন করা হয়েছে। |
| ৫.৪ | চলতি ২০২০-২১ অর্থ বছরের এপ্রিল/মে এর মধ্যে নিজেদের উদ্যোগে সংস্থাধীন প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি এর অনুকূলে পূর্ণসূচক অর্জন করা যায়। সে লক্ষ্যে ইনোভেশন পুরস্কার প্রাপ্তদের নিয়ে একটি পোস্টার স্ট্যান্ড করত: বিভিন্ন স্থানে প্রদর্শন করতে হবে যাতে করে কারখানা/প্রতিষ্ঠানের সর্বোত্তরের শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাগণ ইনোভেশনে উদ্বুদ্ধ হয়। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে এই সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি এবং বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি। | ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাস্তবায়ন এর উদ্দেশ্যে নথি উপস্থাপন করে অনুমোদন নিয়ে বাজেট ছাড় গ্রহণ করা হয়েছে। "ইনোভেশন শোকেসিং" আয়োজনের নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে স্বল্পতম সময়ে এই আয়োজন সমাপ্ত হবে। |

<table>
<tr><td>৫.৫</td><td>কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, নাস্তা ইত্যাদি ব্যয় করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাস্তবায়ন এর উদ্দেশ্যে নথি উপস্থাপন করে অনুমোদন নিয়ে বাজেট ছাড় গ্রহণ করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী সভায় উপকরণ সরবরাহ ও আপ্যায়ন করা সম্ভব হবে।</td></tr>
<tr><td>৫.৬</td><td>সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন কার্যক্রমে উৎসাহিত করার নিমিত্ত ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য প্রান্তিক পর্যায়ের সকলের কাছে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাস্তবায়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>৫.৭</td><td>“জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮” এর কর্মপরিকল্পনার ১.১.৩ এ উল্লিখিত “সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের স্থায়ী (যেমন Chief Innovation Officer/ Innovation Officer/ICT Focal Point) কর্মকর্তাকে দায়িত্ব প্রদান” কর্মপরিকল্পনা অনুযায়ী “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮” এর সংস্থা সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির আহ্বায়কের নিকট প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত দপ্তরাদেশ মতে সাব কমিটি প্রতিবেদন জমা প্রদান করলে তা ইনোভেশন কমিটির সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>সাব কমিটির প্রতিবেদন প্রাপ্তি অপেক্ষমান।</td></tr>
<tr><td>৫.৮</td><td>ইনোভেশন কমিটির অবশিষ্ট ০৩ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২০-২১ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>বার</th></tr>
<tr><td>১</td><td>২১তম</td><td>৪র্থ</td><td>০২/০৩/২০২১</td><td>মঙ্গলবার</td></tr>
<tr><td>২</td><td>২২তম</td><td>৫ম</td><td>০৪/০৪/২০২১</td><td>রবিবার</td></tr>
<tr><td>৩</td><td>২৩তম</td><td>৬ষ্ঠ</td><td>০২/০৫/২০২১</td><td>রবিবার</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>পরিকল্পনা অনুযায়ী সভা আহ্বান করার চেষ্টা অব্যহত থাকবে।</td></tr>
</table>

উপস্থাপিত ২০২০-২১ অর্থ বছরের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর মধ্যে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, ইন্টারনেট ব্যবহারে আধুনিক ক্লাউড প্রযুক্তি WhatsApp. ইনোভেশন কমিটির সভার নোটিশ BCIC WhatsApp Group এ আপলোড করার বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, “সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর” এর বিষয়টি “বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ১১.১ এ উল্লেখ রয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। তথ্য আরপিডি থেকে নিয়ে বাস্তবায়ন প্রতিবেদনে উল্লেখ করা যেতে পারে। এছাড়া তিনি আরও বলেন যে, প্রত্যেক চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণের অধীনস্থ প্রতিটি বিভাগ থেকে কমপক্ষে একটি উদ্ভাবনী ধারণা নির্ধারিত ছক মোতাবেক আগামী ২০২১-২২ অর্থ বছরে প্রেরণ করতে হবে। এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে অবহিতকরণ পত্র প্রেরণ করে মনিটরিং কার্যক্রম অব্যহত রাখা যেতে পারে।

৪.৪) ইনোভেশন কমিটির সদস্য-সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, ১১-১১-২০১৮ তারিখে বিসিআইসি সূত্র নং ৩৬.০১.০০৬.০১.০২.১৬৮.২০১৮.২৩৭ এর দপ্তরাদেশে উল্লেখ রয়েছে যে, ইনোভেশন টিম প্রয়োজনে ১/২ জন দক্ষ ও যোগ্য কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে। আইসিটি বিভাগে কর্মরত উপ-ব্যবস্থাপক জনাব ইমরান আহমেদ প্রায় ০৩ (তিন) বছর উদ্ভাবনী কমিটি এর কাজের সাথে প্রত্যক্ষভাবে জড়িত। দপ্তরাদেশ বলে আইসিটি বিভাগে কর্মরত উপব্যবস্থাপক জনাব ইমরান আহমেদ-কে সহকারী সদস্য হিসেবে কো-অপ্ট করা যেতে পারে। এ বিষয়ে সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, আইসিটি বিভাগে কর্মরত উপব্যবস্থাপক জনাব ইমরান আহমেদ-কে সহকারী সদস্য হিসেবে নয় বরং ইনোভেশন কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যেতে পারে। আলোচনান্তে কো-অপ্ট বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৫) হিসাব নিয়ন্ত্রক ও ইনোভেশন কমিটির সদস্য জনাব মোঃ গোলাম ফারুক জানান যে, “নূন্যতম ০১ টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন” এর বিষয়টি “বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ১৪.১ এ উল্লেখ রয়েছে। সে মোতাবেক বিসিআইসি এর পেনশন পদ্ধতি পূর্বের থেকে আরও সহজীকরণ করা হয়েছে। পেনশনভোগী কর্মকর্তাগণ ওয়েবসাট থেকে ফরম নিয়ে পূরণ পূর্বক ই-মেইলে প্রেরণ করলেই পেনশন প্রদান করা যায়। এর ফলে পেনশনভোগী কর্মকর্তাগণ এর ভিজিট উল্লেখযোগ্য মাত্রায় হ্রাস পেয়েছে।

৪.৬) বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী দুই দিনের প্রশিক্ষণ এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা-কে একত্রিকরণ করে সংস্থার স্বার্থে চার দিনের ই-জিপি এর উপর প্রশিক্ষণ আয়োজন করার পরিকল্পনা ও অফার সংগ্রহ করা হয়েছে। এ বিষয়ে ই-জিপি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান Dohatec এর প্রস্তাব পত্রে দেখা যায় তারা ০৪ দিনের প্রশিক্ষণ/ওয়ার্কসপ বাবদ ভ্যাট ও ট্যাক্স সহ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা প্রস্তাব করেছে। এছাড়া ই-জিপি ওয়ার্কসপ/প্রশিক্ষণের বিষয়ে সিপিটিইউ এর সাথে যোগাযোগ করা হলে তাঁরা জানায় আমাদের রিসোর্স পারসন প্রত্যেক দিন ৪ (চার) ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করতে পারবে। এক্ষেত্রে তাঁদেরকে সম্মানী বাবদ বিপিএটিসি এর হার প্রদান করতে হবে। ০৯ জুলাই ২০১৮ তারিখ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-২) এর স্মারক নং০৭.০০.০০০০.১২৭.০০.০০৬.১৩-৮৬ বিশ্লেষণে দেখা যায় বিপিএটিসি-তে অতিথি বক্তাদের সম্মানী হার সর্বোচ্চ ৬,০০০.০০ (ছয়) হাজার টাকা। সে হিসেবে প্রতিদিন ০৪ টি করে ক্লাসে ০৪×৬,০০০=২৪,০০০.০০ টাকা করে চার দিনে বক্তাদের সম্মানী বাবদ ব্যয় হবে ২৪,০০০×৪=৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার) টাকা। এছাড়া প্রশিক্ষণ উপকরণ, আয়োজকদের সম্মানী, ব্যানার, বুকেট, সার্টিফিকেট, নাস্তা, লাঞ্চ, ভ্যাট, ট্যাক্স ইত্যাদি খরচ রয়েছে। প্রায় ৫০ জনের সংশ্লিষ্টতায় চার দিনের ই-জিপি ওয়ার্কসপ/প্রশিক্ষণে আনুমানিক ব্যয় সর্বোচ্চ ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হতে পারে। ইনোভেশন খাতে এ বাবদ বাজেট রয়েছে। এই প্রশিক্ষণে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পসমূহ থেকে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারী জুমে যুক্ত থাকতে পারে। বিসিআইসি এর সম্মানীত চেয়ারম্যান মহোদয় কর্তৃক এ ব্যয়ের অনুমোদনক্রমে ই-জিপি এর উপর ০৪ (চার) দিনের ওয়ার্কসপ/প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। বর্ণিত বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৭) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন কার্যক্রমে উৎসাহিত করার নিমিত্ত ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য প্রান্তিক পর্যায়ের সকলের কাছে পৌছানোর ব্যবস্থা করা হয়েছে কি না সে বিষয়ে মনিটরিং কার্যক্রম অব্যহত রাখতে হবে। উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে টেলিফোনিক আলাপের মাধ্যমে খোঁজ নিয়ে তথ্য পরবর্তী সভায় উপস্থান করার বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৮) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, বিসিআইসি এর ৮৩তম মাসিক সমন্বয় সভায় বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক গৃহীত ৮৩.৪ এর (২) নং সিদ্ধান্ত টি হল- "ই-নথিতে a2i এর Ranking এ বৃহত্তম প্রতিষ্ঠানের মধ্যে BCIC এর অবস্থান অগ্রগামী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে"। সিদ্ধান্ত বাস্তবায়নে বিসিআইসি প্রধান কার্যালয় ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানে ই-নথির উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**

৫.১) ইনোভেশন কমিটির সভার নোটিশ BCIC WhatsApp Group এ আপলোড করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) "বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ১১.১ এ উল্লিখিত "সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর" এর কাজটি বাস্তবায়ন করা হয়েছে। এ বিষয়ক তথ্য আরপিডি থেকে সংগ্রহ করে বাস্তবায়ন প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি এবং বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি।

৫.৩) আগামী ২০২১-২২ অর্থ বছর থেকে প্রত্যেক চালু কারখানা/প্রতিষ্ঠান থেকে আবশ্যিকভাবে কমপক্ষে একটি উদ্ভাবনী ধারণা নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি [এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে অবহিতকরণ পত্র প্রেরণ করে মনিটরিং কার্যক্রম অব্যহত রাখতে হবে]।

৫.৪) ১১-১১-২০১৮ তারিখে বিসিআইসি সূত্র নং ৩৬.০১.০০৬.০১.০২.১৬৮.২০১৮.২৩৭ এর দপ্তরাদেশে প্রদত্ত ক্ষমতাবলে আইসিটি বিভাগে কর্মরত উপব্যবস্থাপক জনাব ইমরান আহমেদ-কে ইনোভেশন কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হল। এ বিষয়ক দপ্তরাদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন উপ-বিভাগ, বিসিআইসি।

৫.৫) জুমে পরিচালনাসহ ই-জিপি এর উপর চার দিনের প্রশিক্ষণ/ওয়ার্কসপ সিপিটিইউ এর সদস্য/কর্মকর্তা দ্বারা পরিচালনা করার নিমিত্ত প্রতিদিন ০৪ টি করে ক্লাসে ০৪×৬,০০০=২৪,০০০.০০ টাকা করে চার দিনে বক্তাদের সম্মানী বাবদ ব্যয় হবে ২৪,০০০×৪=৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার) টাকা। এছাড়া ই-জিপি প্রশিক্ষণ/ওয়ার্কসপ এর উপকরণ (পিপিআর এর আপডেট বই, খাতা, কলম ইত্যাদি), আয়োজকদের সম্মানী, ব্যানার, বুকেট, সার্টিফিকেট, নাস্তা, লাঞ্চ, ভ্যাট, ট্যাক্স ইত্যাদি খরচ সহ প্রায় ৫০ (পঞ্চাশ) জনের সংশ্লিষ্টতায় চার দিনের ই-জিপি ওয়ার্কসপ/প্রশিক্ষণ এর আনুমানিক ব্যয় সর্বোচ্চ ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ধরে "ইনোভেশন" খাত থেকে বাজেট ছাড় গ্রহণ করে এ ব্যয় নির্বাহের লক্ষ্যে বিসিআইসি এর সম্মানীত চেয়ারম্যান মহোদয় এর আর্থিক ও প্রশাসনিক অনুমোদন এর জন্য নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে টেলিফোনিক আলাপের মাধ্যমে খোঁজ নিয়ে তথ্য পরবর্তী সভায় উপস্থান করতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) বিসিআইসি এর ৮৩তম মাসিক সমন্বয় সভায় বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক গৃহীত ৮৩.৪ এর (২) নং সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিসিআইসি প্রধান কার্যালয় ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানে ই-নথির উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে। এ বিষয়ে সর্বদা কারখানা/প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) ইনোভেশন কমিটির অবশিষ্ট ০২ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১৮ তম | ১ম | ০৯/০৭/২০২০ | বৃহস্পতিবার | অনুষ্ঠিত হয়েছে |
| ২ | ১৯ তম | ২য় | ১১/০১/২০২১ | সোমবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৩ | ২০ তম | ৩য় | ০৭/০২/২০২১ | রবিবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৪ | ২১ তম | ৪র্থ | ০২/০৩/২০২১ | মঙ্গলবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৫ | ২২তম | ৫ম | ০৪/০৪/২০২১ | রবিবার | করা হবে |
| ৬ | ২৩তম | ৬ষ্ঠ | ০২/০৫/২০২১ | রবিবার | করা হবে |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

03/04/2021

(মোঃ লুৎফর রহমান, এফসিএমএ)
পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।